

একটি শোক বার্তা

প্রিয় বন্ধু স্বজন

অশ্রু এবং দুঃখ ভারাক্রান্ত মনে সকলের অবগতির জন্য জানাচ্ছি হিলস্ ডেল-এ বসবাসরত প্রবীন কৃষিবিদ ড. নিজাম উদ্দীন আহমেদ গতকাল বুধবার ১৫ জুলাই খ্রিস্ট অব ওয়েলস্ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিশ্বাস ত্যাগ করেছেন (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজেউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিলো ষাট। তিনি মস্তিষ্কে টিউমার সংক্রান্ত জটিলতায় ভুগছিলেন।

আজ দুপুর ১২টায় লাকেশা মসজিদে মরহুমের নামাজে জানাজা অনুষ্ঠিত হবে এবং তাঁকে পরিবারের সিদ্ধান্তনুসারে নারাল্যান সেমিটারিতে দাফন করা হবে।

ড. নিজাম উদ্দীন আহমেদ স্ত্রী নাজমা আহমেদ, একমাত্র সন্তান পুত্র রাজু আহমেদ এবং সদ্য পরিণীতা পুত্রবধূ রাবিতা আহমেদকে রেখে গেছেন এ দুঃখের ভার বইবার জন্য। আসুন আমরা সবাই দোয়া করি করণাময় আল্লাহতায়াল্লা যেন ড. নিজাম উদ্দীন আহমেদকে জান্নাতবাসি করেন এবং শোকাহত পরিবারকে এ শোক সইবার জন্য সাহায্য করেন।

ড. নিজাম উদ্দীন আহমেদ পেশায় একজন খ্যাতনামা কৃষি বিজ্ঞানী। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে রাইস ফারমিং সিস্টেমস ডিভিশনের প্রধান হিসেবে দেশের ফারমিং সিস্টেমস গবেষণার নেতৃত্ব দিয়েছেন দুই দশকেরও অধিক সময়। আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট (ইরি) এর প্রতিনিধি হিসেবে এশিয়ান ফারমিং সিস্টেমসের একজন কর্ণধার হিসেবে নেটওয়ার্ক গড়েছেন গোটা এশিয়া জুড়ে। তাঁর কাজ এবং গবেষণার স্বীকৃতি হিসেবে ইরি তাঁকে পুরস্কৃতও করেছে। তাঁর প্রচুর গবেষণা পেপার প্রকাশিত হয়েছে আন্তর্জাতিক জার্নাল সমূহে। ড. নিজাম উদ্দীন আহমেদ-এর অনেক ছাত্র এবং হাতের তৈরী বিজ্ঞানী/গবেষক ছড়িয়ে আছেন এবং স্বীয় প্রতিভায় বিকশিত হয়ে আছেন অস্ট্রেলিয়াসহ পৃথিবীর নানান দেশে। ড. নিজাম উদ্দীন আহমেদ কৃষিবিদদের গর্ব এবং একজন নিবেদিত কৃষি বিজ্ঞানী।

করণাময় তাঁকে জান্নাতবাসি করুন।

সবাই ভালো থাকুন সুস্থ থাকুন

কাইউম পারভেজ